# কুরআন ও সহীহ হাদীসের আলোকে নিষিদ্ধ কর্মকান্ড

বিভাগ/অধ্যায়ঃ কুরআন ও হাদীসে বর্ণিত নিষিদ্ধ কর্মসমূহ

রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

২৯৭. অন্যকে ঝাড়ফুঁক করতে বলা, কোন বিশেষ কিছু দেখে তাতে কোন ধরনের কুলক্ষণ ভাবা কিংবা চিকিৎসার জন্য লোহা পুড়িয়ে নিজ শরীরের কোন জায়গায় দাগ দেয়া

আব্দুল্লাহ্ বিন্ 'আববাস্ (রাযিয়াল্লাহু আনহুমা) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সা.) ইরশাদ করেন:

يَدْخُـلُ الْـجَنَّةَ مِنْ أُمَّتِيْ سَبْعُوْنَ أَلْفًا بِغَيْرِ حِسَابٍ ، هُمْ الَّذِيْنَ لَا يَسْتَرْقُوْنَ وَلاَ يَتَطَيَّرُوْنَ وَعَلَى رَبِّهِمْ يَتَوَكَّلُوْنَ وَفِيْ رِوَايَةٍ : لاَ يَكْتَوُوْنَ

“আমার উম্মতের সত্তর হাজার মানুষ বিনা হিসাবে জান্নাতে প্রবেশ করবে। যারা অন্যকে ঝাড়ফুঁক করতে বলবে না, কোন বিশেষ কিছু দেখে উহাকে কুলক্ষণ ভাববে না। উপরন্তু তারা নিজ প্রভুর উপর সর্বদা ভরসা করবে। অন্য বর্ণনায় রয়েছে, তারা চিকিৎসার জন্য লোহা পুড়িয়ে নিজ শরীরের কোন জায়গায় দাগ দিবে না”।[1]

>

ফুটনোট

[1] (বুখারী, হাদীস ৬৪৭২, ৬৫৪১ মুসলিম, হাদীস ২১৮, ২২০)

Source — https://www.hadithbd.com/books/link/?id=11547

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন